

বুরো হেল্থ কেয়ারের NICU ওয়ার্ডের জন্য নিম্নে উল্লেখিত যন্ত্রপাতি ক্রয় করা প্রয়োজন। এ লক্ষ্যে বিভিন্ন সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

নিম্নে উল্লেখিত যন্ত্রাংশের বিবরণ অনুযায়ী বিভিন্ন সরবরাহকারী প্রতিষ্ঠানকে আগামী ৩০/১২/২০২০ তারিখ দুপুর ১২ঃ০০ ঘটিকার মধ্যে বুরো বাংলাদেশ, বাড়ি নং- ১২/এ, রোড নং-১০৪, ব্লক নং-সি,ই,এন(এফ), গুলশান-২ এই ঠিকানায় ৫ম তলায় প্রশাসন বিভাগে রক্ষিত দরপত্র বাক্সে জমা করা যাবে। একই তারিখে দুপুর ১২ঃ৩০ ঘটিকার সময় দরপত্র খোলা হবে।

মালের বিবরণ :

#	বিবরণ	পরিমাণ
০১	Baby Cot	০১ সেট
০২	Infant Radiant Warmer	০১ সেট
০৩	Syringe Pump	০১ সেট
০৪	NICU Ventilator with standard accessories	০১ সেট
০৫	LED Phototherapy	০২ সেট
০৬	Vain Finder	০১ সেট
০৭	Digital Baby weight scale	০১ সেট
০৮	Vital Sign/ Desktop Pulse Oximeter	০২ সেট
০৯	Laryngoscope (Neonatal & Pediatric)	০১ সেট
১০	Ambo Bag (Silicon)	০২ সেট
১১	Penguin Baby Nasal Sucker	০৪ সেট
১২	Pediatric Stethoscope	০২ সেট
১৩	ABG Machine with color printer	০১ সেট
১৪	Saline Set	০৬ সেট
১৫	Glucoc Meter	০২ সেট
১৬	Gas pipe line system for 06-unit NICU Bed	প্যাকেজ
১৭	Infant Oxygen Hood	০১ সেট
১৮	ET Tube	০১ সেট

শর্তাবলী :

১. অভিজ্ঞতা সম্পন্ন রেজিস্টার্ড কোম্পানী হতে হবে।
২. দরপত্রে দর অংকে ও কথায় স্পষ্ট করে লিখতে হবে। স্বাক্ষরবিহীন কাটা, ছেঁড়া ও ঘষামাজা দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।
৩. কোম্পানীর প্রয়োজনীয় কাগজপত্র (ভ্যাট নিবন্ধন পত্র, আয়কর সনদ, ট্রেড লাইসেন্স ও আমদানি সনদের অনুলিপি, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট) এবং পূর্ববর্তী একই ধরনের যন্ত্রপাতি সরবরাহের গ্রাহকদের তালিকা দরপত্রে সংযুক্ত করতে হবে।
৪. ২০১৯-২০ আর্থিক সনের আয়কর পরিশোধ সনদের অনুলিপি দরপত্রে দাখিল করতে হবে।



সম্বন্ধকারী - প্রশাসন

Head Office

৫. দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
৬. কার্যাদেশ প্রাপ্ত হলে মোট মূল্যের ১০% টাকা ০৫ বৎসর পর্যন্ত উল্লেখিত যন্ত্রপাতিগুলোর জামানত হিসাবে যে কোন সিডিউল ব্যাংকের পে-অর্ডার বুরো বাংলাদেশ (BURO Bangladesh) এর নিকট জমা রাখতে হবে। জমাকৃত জামানত (সিকিউরিটি মানি) এর উপর কোন সুদ প্রদান করা হবে না। পে-অর্ডার যাচাইয়ে কোন অসঙ্গতি পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
৭. কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠান কোন ক্রমেই চিকিৎসা যন্ত্রপাতি সরবরাহ করার জন্য সাব-কন্ট্রাক্ট প্রদান করতে পারবেন না। যদি সরবরাহকারী সাব-কন্ট্রাক্ট প্রদান করেছেন বলে কর্তৃপক্ষের গোচরীভূত হয়; তাহলে উক্ত সরবরাহকারীর কার্যাদেশ বাতিল ও তার প্রতিষ্ঠানের বিরুদ্ধে মালিকপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।
৮. দরপত্রদাতা যে সকল চিকিৎসা যন্ত্রপাতির দর দাখিল করবেন প্রযোজ্য ক্ষেত্রে সেসকল আইটেম এর “ঔষধ প্রশাসন এর অনুমোদন (Drug Administration Approved) পত্র” দরপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে।
৯. দরপত্রে উল্লেখিত সকল আইটেমের দর দাখিল করা বাধ্যতামূলক নহে।
১০. একই আইটেমের দুই বা ততোধিক ব্রান্ডের যন্ত্রপাতির দর প্রস্তাব করতে হলে পৃথক দরপত্র সিডিউলে দরপত্র কমা করতে হবে।
১১. দরপত্রের সাথে যন্ত্রপাতিগুলোর ক্যাটালগ সরবরাহ করতে হবে।
১২. প্রতিটি যন্ত্রের স্পেসিফিকেশন, ব্রান্ড, কান্ডি অব অরিজিন, কান্ডি অব ম্যানুফ্যাকচারার, ওয়ারেন্টি/গ্যারান্টি পিরিয়ড উল্লেখ করতে হবে।
১৩. ওয়ারেন্টি ও ফ্রি সার্ভিসিং ০৫ বৎসর উল্লেখ করতে হবে। যন্ত্রপাতিগুলো স্থাপনের ০২ বৎসর পর্যন্ত ফ্রি সার্ভিসিং ও স্পেয়ার পার্টস সরবরাহ করতে হবে। প্রয়োজনীয় স্পেয়ার পার্টস এর পর্যাপ্ততা থাকতে হবে এবং চাহিদা অনুযায়ী দ্রুত সরবরাহ করতে হবে। পরবর্তী ০৩ বৎসর পর্যন্ত স্পেয়ার পার্টস ব্যাভীত ফ্রি সার্ভিসিং করতে হবে। সরবরাহ ও স্থাপনের পর ০৫ বৎসর পর্যন্ত মূল যন্ত্রপাতিগুলোর কোন সমস্যা হলে দ্রুত সমাধান করতে হবে। সরবরাহকারী দ্রুততার সাথে মূল যন্ত্রপাতির সমস্যা সমাধান করতে ব্যর্থ হলে জমাকৃত জামানত হতে ব্যয় নির্বাহ করা হবে।
১৪. বিলের সাথে মুসর্ক ৬.৩ সরবরাহ করতে হবে। ভ্যাট বুরো বাংলাদেশ প্রদান করবে এবং ট্যাক্স বিল হতে কর্তন করা হবে।
১৫. কার্যাদেশের সাথে মোট মূল্যের ৫০% টাকা প্রদান করা হবে। যন্ত্রপাতিগুলো সরবরাহ ও স্থাপন করার পর মালিকপক্ষ একজন বিশেষজ্ঞ দ্বারা পরীক্ষা করে কোন ত্রুটি পরিলক্ষিত না হলে এবং দরপত্রে উল্লেখিত স্পেসিফিকেশন, ব্রান্ড, কান্ডি অব অরিজিন, কান্ডি অব ম্যানুফ্যাকচারার সঠিক প্রমানিত হলে অবশিষ্ট মূল্য প্রদান করা হবে।
১৬. কার্যাদেশ প্রাপ্তির পরবর্তী ৬০ দিনের মধ্যে যন্ত্রপাতিগুলো সরবরাহ ও স্থাপন নিশ্চিত করে কমিশনিং শেষ করে কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করতে হবে।
১৭. সরবরাহকারী প্রতিষ্ঠানকে যন্ত্রপাতিগুলো হস্তান্তর করার পূর্বে অপারেটরদের নিজ খরচে প্রশিক্ষণ দিতে হবে। হস্তান্তর করার পরবর্তী ০৩ মাস পর্যন্ত অপারেটরদের যন্ত্রপাতিগুলোর বিভিন্ন সিস্টেম এর ব্যবহার এবং পরিচালিত করতে পরামর্শ ও সহযোগিতা করতে হবে।
১৮. কর্তৃপক্ষ যে কোন দরপত্র বাতিল ও গ্রহণ করার অধিকার সংরক্ষণ করেন।
১৯. সর্বনিম্ন দরপত্রদাতাকে কার্যাদেশ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নয়।
২০. কার্যাদেশ প্রাপ্ত হলে সরবরাহকারী প্রতিষ্ঠানকে উল্লেখিত যন্ত্রপাতি নিজ দায়িত্বে এবং নিজ খরচে বুরো হেলথ কেয়ার, রেজিস্ট্রিপাড়া, টাংগাইল- এই ঠিকানায় সরবরাহ ও স্থাপন করতে হবে।

ধন্যবাদান্তে,



সম্বন্ধকারী - প্রশাসন

বুরো বাংলাদেশ, প্রধান কার্যালয়।

Head Office